# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩১১

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ পুরুষদেরকে অধিক পরিমাণে সাদাকাহ করার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ لِلرِّجَالِ بِالْإِكْثَارِ مِنَ الصَّدَقَةِ

আরবী

3311 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا هَارُونُ بْنُ مَعْرُوفٍ حَدَّثَنَا أَنَسُ بْنُ عِيَاضٍ حَدَّثَنَا دَاوُدُ بْنُ قَيْسٍ أَنَّهُ سَمِعَ عِيَاضَ بْنَ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي سَرْحٍ: أَنَّ أَبَا سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْرُجُ يَوْمَ الْفِطْرِ وَالْأَضْحَى فَيُصَلِّي رَكْعَتَيْنِ ثُمَّ يُسَلِّمُ فَيَنْصَرِفُ إِلَى النَّاسِ قَائِمًا فِي مُصَلَّاهُ ثُمَّ يَجْلِسُ فيُقبل عَلَيْهِمْ وَيَقُولُ لِلنَّاسِ: (تصدَّقوا) فَكَانَ أَكْثَرُ مَنْ يتصدَّق الناس بالقُرطِ والتِّبر فَإِنْ كَانَ لَهُ حَاجَةٌ يَبْعَثُ على الناس وإلا انصرف

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3311 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (2968) , ((الإرواء)) (1/ 205).

বাংলা

৩৩১১. আবূ সাঈদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঈদুল ফিতর ও ঈদুল আযহাতে বের হতেন, অতঃপর দুই রাকা‘আত সালাত আদায় করতেন, তারপর সালাম ফেরাতেন। অতঃপর সালাত আদায় করার জায়গায় লোকদের দিকে মুখ ফিরে দাঁড়াতেন। তারপর তিনি বসতেন অতঃপর লোকদের মুখোমুখি হয়ে বলেন, “তোমরা সাদাকাহ করো। অতঃপর অধিকাংশ মানুষ (নারী) কানের দুল ও স্বর্ণরেণু দান করে। অতঃপর যদি কোথাও পাঠানোর প্রয়োজন হতো, তবে পাঠাতেন, অন্যথায় চলে আসতেন।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৫৬৩৪; মুসনাদ আহমাদ: ৩/৩৬; সহীহ মুসলিম: ৮৮৯; নাসাঈ: ৩/১৮৭; ইবনু মাজাহ: ১২৮৮; আবূ ইয়ালা: ১৩৪৩; সহীহ ইবনু খুযাইমাহ: ১৪৪৯; সুনান বাইহাকী: ৩/২৯৭; সহীহুল বুখারী: ৩০৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৯৬৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92642

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন